# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 18-08-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যে ১-শো দিনের কাজ প্রকল্প ফের চালু করা নিয়ে কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কেন্দ্রীয় সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে।

২) বিজেপি জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশের বিষয়ে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে।

৩) রাজ্য সরকার পূর্ব মেদিনীপুরের তাজপুরে গভীর সমুদ্র বন্দর তৈরির বরাত বাতিল করে নতুন করে বিজ্ঞপ্তি জারির সিদ্ধান্ত নিয়েছে।

৪) কল্যাণীর এইমস যে মানসিক স্বাস্থ্য সমীক্ষার কাজ চালাচ্ছে, তার সঙ্গে এন আর সি-র কোন সম্পর্ক নেই বলে প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে।

৫) বাংলার অভিমন্যু ঈশ্বরণ দলিপ ট্রফি ক্রিকেটে পূর্বাঞ্চল দলের নেতৃত্ব দেবেন।

oooooooooooooooooo

রাজ্যে ১০০ দিনের কাজ প্রকল্প ফের চালু করা নিয়ে কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কেন্দ্রীয় সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে। কলকাতা হাইকোর্ট গত পয়লা অগস্ট থেকে রাজ্যে এই প্রকল্প ফের শুরু করার নির্দেশ দিয়েছিল। কেন্দ্রের অভিযোগ, ১০০ দিনের কাজ নিয়ে এরাজ্যে যথেষ্ট দুর্নীতি হয়েছে। পাশাপাশি এ বিষয়ে তাদের আরো বক্তব্য রয়েছে। চলতি সপ্তাহেই মামলার শুনানির সম্ভাবনা।

এদিকে, এই মামলার পরিপ্রেক্ষিতে তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী বলেছেন, বাংলার মানুষকে বঞ্চিত রাখতেই ১-শো দিনের কাজ প্রকল্প নিয়ে কেন্দ্রের বিজেপি সরকার সুপ্রিম কোর্টে গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশের বিষয়ে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি বিধায়কদের এক প্রতিনিধি দল আজ রাজ্যপালের কাছে ডেপুটেশন দিয়ে এই আর্জি জানান। পরে সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা বলেন, রাজ্যে সার্বিক শিক্ষা ব্যবস্থা বিপন্ন।

তার অভিযোগ স্বাধীনতার পর পশ্চিমবঙ্গ এবং দেশের কোন রাজ্যে এই ধরনের শিক্ষা বিপর্যয় হয়নি। তিন মাস আগে উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হলেও সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে উচ্চশিক্ষায় ভর্তির প্রক্রিয়া এখনও চালু হয়নি। পাশাপাশি জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলও প্রকাশ হয়নি। এর ফলে রাজ্যে পাঁচ লক্ষ ছাত্রছাত্রী ক্ষতিগ্রস্ত হচ্ছে।

(বাইট – শুভেন্দু- জয়েন্ট)

০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘক্ষণ আটক করে রাখার পর আজ বিকেলে মগরা থানা থেকে ছাড়া হয় চাকরিহারা যোগ্য শিক্ষক আন্দোলনের অন্যতম নেতা সুমন বিশ্বাসকে। আজ সকালে তাঁকে আদিসপ্তগ্রাম স্টেশন থেকে পুলিশ আটক করেছিল। এরপর দিনভর মগরা থানায় নিয়ে যায় পুলিশ। থানা থেকে ছাড়া পেয়ে সুমন বিশ্বাস অভিযোগ করেছেন, আজ তাঁদের যে এসএসসি অভিযান ছিল, তা ভেস্তে দিতেই পুলিশ তাঁকে ধরে নিয়ে যায়। মুখ্যমন্ত্রীর নির্দেশেই পুলিশ এই কাজ করেছে বলে তিনি অভিযোগ করেন। এরপর চাকরি ফিরে পাওয়ার দাবিতে আন্দোলন আরো জোরদার হবে বলে তিনি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপির নবান্ন অভিযানের দিন বিরোধী দলনেতার বিরুদ্ধে পুলিশের প্রতি অশালীন আচরণের অসত্য অভিযোগের প্রেক্ষিতে বিজেপি পাল্টা মানহানির মামলা করছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, কলকাতা পুলিশের কয়েকজন আধিকারিকের পরিবারকে আগে থেকে শিখিয়ে পড়িয়ে কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠক করানো হয়।সেখানে তাঁরা বিরোধী দলনেতার বিরুদ্ধে পুলিশকে মারধোর ও অশ্লীল ভাষা প্রয়োগের অভিযোগ করেন। বিরোধী দলনেতা বলেন,নিয়ম অনুযায়ী পুলিশকর্মীর পরিবারের সদস্যরা এইভাবে সাংবাদিক বৈঠক করতে পারে না।

০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় নির্বাচন কমিশন, নির্বাচনের এক বছর আগেই বুথ লেভেল এজেন্টদের নাম জানতে চাওয়ার প্রতিবাদে হাইকোর্টের দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস। রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচীর তোড়জোড় শুরু হয়েছে। এই অবস্থায় জেলাশাসকেরা নির্বাচন কমিশনের নির্দেশ মতো বিভিন্ন রাজনৈতিক দলকে তাদের বুথ লেভেল এজেন্টদের নাম জানতে চেয়ে রাজনৈতিক দলগুলিকে নোটিশ পাঠাতে শুরু করেছে। যে কাজ সাধারণত ভোটের ৭ দিন আগে করা হয়, তা প্রায় ১

বছর আগে কেন করা হচ্ছে, সেই প্রশ্ন তুলে কলকাতা হাইকোর্টে এই মামলা দায়ের করা হয়েছে। তৃণমূল কংগ্রেস এই মামলার জরুরী শুনানি চাইলেও বিচারপতি অমৃতা সিনহা সেই আবেদন গ্রহণ করেননি।

oooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর গাড়িতে হামলার ঘটনায় ধৃত ঐ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী হিন্দোল মজুমদারকে জামিন দিয়েছে আলিপুর আদালত। গত বুধবার স্পেনে গবেষণারত হিন্দোলকে দিল্লী বিমান বন্দর থেকে গ্রেপ্তার করা হয়। কলকাতা পুলিশ তাকে ট্রানজিট রিম্যান্ডে রাজ্যে নিয়ে আসে।

উল্লেখ্য, চলতে বছরের পয়লা মার্চ যাদলপুর বিশ্ববিদ্যালয়ে ওয়েবকুপার বার্ষিক সম্মেলনে যোগ দিতে গিয়ে পড়ুয়াদের বিক্ষোভের মুখে পড়েন শিক্ষামন্ত্রী। এরপরই ঘটনায় প্ররোচনা দেওয়ার অভিযোগে ঐ ছাত্রের নামে লুক আউট নোটিশ জারি করা হয়।

ooooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট আজ শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের শর্তসাপেক্ষে জামিন মঞ্জুর করেছে। সিবিআইয়ের একটি মামলার রায়ে সুপ্রিম কোর্টের দুই বিচারপতি এমএম সুন্দরেশ এবং এনকে সিংয়ের বেঞ্চ এই নির্দেশ দিয়েছেন।

প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি সুবীরেশ ভট্টাচার্য এবং শিক্ষা বিভাগের আধিকারিক শান্তিপ্রসাদ সিনহাও আজ একই মামলায় জামিন পেয়েছেন ।

তবে জামিন মঞ্জুর হলেও অন্য একাধিক মামলা বকেয়া থাকায় পার্থ চট্টোপাধ্যায় এখনি জেল থেকে মুক্তি পাচ্ছেন না বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, পূর্ব মেদিনীপুরের তাজপুরে গভীর সমুদ্র বন্দর তৈরির বরাত বাতিল করে নতুন সংস্থার কাছ থেকে প্রস্তাব চেয়ে বিজ্ঞপ্তি জারির সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রিসভার শিল্প, পরিকাঠামো ও কর্মসংস্থান সংক্রান্ত স্থায়ী কমিটির বৈঠকে আজ স্থির হয়েছে, খুব শীঘ্রই পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম নতুন করে এবিষয়ে বিজ্ঞপ্তি জারি করবে। ইতোমধ্যেই সেই প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।পুজোর আগেই নতুন কোনও সংস্থাকে বন্দর তৈরির দায়িত্ব দেওয়ার চেষ্টা করা হচ্ছে।

উল্লেখ্য, রাজ্য সরকার ২০২২ সালে আদানি গোষ্ঠীকে তাজপুর বন্দর তৈরির বরাত দিয়েছিল। কিন্তু আড়াই বছরেরও বেশি কেটে গেলেও কাজ শুরু হয়নি। এর মধ্যেই ২০২৩ সালে হিন্ডেনবার্গের রিপোর্টে শেয়ার বাজারে কারচুপির অভিযোগ ওঠে ঐ গোষ্ঠীর বিরুদ্ধে। এরপর থেকেই প্রকল্পের বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কল্যানী এইমস হাসপাতাল কতৃপক্ষ মানসিক চিকিৎসা পরিষেবা দেওয়ার নামে এন আর সি র ওপর সমীক্ষা করছে বলে রাজ্য সরকার অভিযোগ করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে এক সাংবাদিক বৈঠকে বলেন, ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়ার জন্য এই পদক্ষেপ। এব্যাপারে সকলকে সতর্ক থাকার আবেদন জানান তিনি।

(বাইট – মমতা)

এদিকে,কল্যাণীর এইমস যে মানসিক স্বাস্থ্য সমীক্ষার কাজ চালাচ্ছে, তার সঙ্গে এন আর সি-র কোন সম্পর্ক নেই বলে প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে।এইমস আজ এক প্রেস বিবৃতিতে জানিয়েছে বেঙ্গালুরুর ন্যাশনাল ইন্সটিটিউট অফ হেলথ অ্যান্ড

নিউরো সায়েন্স এর সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের সহযোগিতায় সাতটি জেলায় দ্বিতীয় ধাপে জাতীয় মানসিক স্বাস্থ্য সমীক্ষার এই কাজ চলছে । সম্পূর্ন বিজ্ঞান ভিত্তিক এই সমীক্ষা বিশ্ব স্বাস্থ্য সংস্থার তরফেও বৈধ বলে জানানো হয়েছে।

অন্যদিকে নিজেদের স্বার্থেই রাজ্য সরকার পশ্চিমবঙ্গে এসআইআর-এর বিরোধিতা করছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ফের অভিযোগ করেছেন।

(বাইট – শুভেন্দু)

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী বলেছেন, বৈধ ভোটারের অধিকার যাতে কেড়ে নেওয়া না হয়, সেজন্য আন্দোলনে নেমেছেন রাহুল গান্ধী। মমতা ব্যানার্জী তা মানতে পারছেন না বলেই কমিশনের বিরুদ্ধে সরব হয়েছেন।

(বাইট - অধীর)

oooooooooooooooooooooo

রাজ্যের যে সব পরিযায়ী শ্রমিক ভিন রাজ্যে কাজে গিয়ে হেনস্থার শিকার হয়ে ফিরে আসছেন রাজ্য সরকার তাদের জন্য শ্রমশ্রী নামে একটি প্রকল্পের কাজ হাতে নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এসংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়।

মুখ্যমন্ত্রী পরে সাংবাদিকদের বলেন এর আওতায় যেসব পরিযায়ী শ্রমিক ইতিমধ্যেই ফিরে এসেছেন বা আগামীদিনে আসবেন, তাদের এক বছর পর্যন্ত মাসে পাঁচ হাজার টাকা করে ভাতা দেওয়া হবে। এছাড়াও খাদ্যসাথী, স্বাস্থ্যসাথী ও জব কার্ড দেওয়ারও ব্যবস্থা করা হবে। এজন্য পোর্টালে নাম নথিভুক্ত করতে হবে।

ooooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে সাজিরহাট উড়ালপুলের নীচে গতকাল মধ্যরাতে বিস্ফোরনে এক ব্যক্তির মৃত্যুর পর ফরেন্সিক দল ও জাতীয় তদন্ত সংস্থা এন আই এ আজ সেখান থেকে নমুনা সংগ্রহ করে। বারাসাতের এস ডি পি ও বিদ্যাদর অজিঙ্কা আনন্দ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখেন। বারাসাতের অতিরিক্ত পুলিশ সুপার অতীশ বিশ্বাসও যান। রাজ্যের মন্ত্রী রথীন ঘোষও যান সেখানে। এটি নাশকতামূলক কাজ হতে পারে বলে আশঙ্কার প্রকাশ করেছেন তিনি। তবে, পুলিশের পক্ষ থেকে তদন্তের স্বার্থে বিস্তারিত জানানো হয়নি।

উল্লেখ্য, গতরাতের ওই বিস্ফোরণে উত্তরপ্রদেশের বাসিন্দা সচিদানন্দ মিশ্র বোমা ফেটে প্রাণ হারান। তার পাশেই ব্যাগ ভর্তি বোমা ছিল বলে জানা গেছে। বিস্ফোরণের তীব্রতায় তার দেহ ছিন্নভিন্ন হয়ে যায়। বম্ব ডিসপোজাল স্কোয়াড গিয়ে বোমাগুলি নিষ্ক্রিয় করে।

oooooooooooooooooooo

সংবাদে কৃত্রিম মেধার ব্যবহার নিয়ে আজ কলকাতা প্রেস ক্লাবে এক কর্মশালার আয়োজন করা হয়। সংবাদ মাধ্যমের সঙ্গে যুক্ত প্রায় ৩০ জন এতে অংশ নেন। কৃত্রিম মেধা কিভাবে ,কোথায় ব্যবহার করা যায় এবং AI এর প্রকৌশল কাজে লাগিয়ে দ্রুত গতিতে মানুষের কাছে কিভাবে খবর পৌঁছে দেওয়া যায়, তার ব্যবহার বিষয়ে আলোচনা করেন সাংবাদিক ও কৃত্রিম মেধা বিশেষজ্ঞ জয়দীপ দাশগুপ্ত।

কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের হাতে শংসাপত্র তুলে দেন প্রেস ক্লাবের সভাপতি স্নেহাশিস সুর।

oooooooooooooooooooo

বাংলার অভিমন্যু ঈশ্বরণ, দলীপ ট্রফি ক্রিকেটে পূর্বাঞ্চল দলের নেতৃত্ব দেবেন। ঈশান কিশন চোটের জন্য খেলতে পারবেন না। তাই অভিমন্যুকে অধিনায়ক করা হয়েছে।

ঈশানের এর আগে  পূর্বাঞ্চল দলের নেতৃত্ব দেওয়ার কথা ছিল।

উল্লেখ্য,২৮ অগস্ট থেকে শুরু  হবে দলীপ ট্রফি  । ছয়টি দল এই প্রতিযোগিতায় অংশ নেবে।

ঈশানের পরিবর্তে  ওড়িশার ক্রিকেটার আশীর্বাদ সাঁইকে দলে নেওয়া হয়েছে।তিনিই উইকেটরক্ষকের দায়িত্ব পালন করবেন।

আশীর্বাদের দলে অন্তর্ভুক্ত হওয়ার খবর জানিয়েছে ওড়িশা ক্রিকেট সংস্থা।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo